

৩২.শেষের কবিতা

জানি একদিন হবে সকলি নীরবতা

পূজার দুয়ারে শিকল পড়িবে যবে,

পূজারী চলে যাবে দূর নীল-নভে;

সেদিন পড়িবে কি তোমাদের মনে আমার কবিতা।

নব ফুল-ফল দলে নব কিশলয়ের জাগরনে

সুখ সমীরে ভরে উঠবে ফুলবন,

নব আলোর শোভিত শুভায় গাহিবে ভ্রমর গুঞ্জন;

সে বসন্ত দিনে ঝরা পল্লবকে পড়িবে তোমাদের মনে।

কত কথার ভীড়ে, কত শত আঁখি নীরে

কবিতার পাতা বেদনার কথা উঠিল ভরি,

এল ঘীরে ফিরে মোর বিদায়ের তরী;

এ বিদায়ের দিনে তোমাদের কথা বার বার মনে পড়ে।

নিঃশ্বাসে নিঃশ্বাসে নিভে এলো দীপ শেষ কাব্যের পাতা

ভাবি কেবলি একা আর কি হে হবে দেখা

মোর কাব্যে সাহিত্য জগতে ক্ষীণ মাত্র রেখা

তবুও বিদায়ের ক্ষণে রেখে যাই আমার শেষের কবিতা।

